

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
www.jhalakathi.gov.bd

স্মারক নম্বর- ৪৬.১০.৪২০০.০১১.১২.০০২.২৩- ৭৮১

তারিখ: ০১ অগ্রহায়ণ, ১৪৩০
১৬ নভেম্বর, ২০২৩

অনলাইনে মনোনয়নপত্র দাখিল সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য সময়সূচি প্রকাশ করেছেন। উক্ত সময়সূচি অনুযায়ী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ আগামী ৩০ নভেম্বর, ২০২৩ বৃহস্পতিবার সন্ধ্যা যোগ্য ব্যক্তিগণ মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ বা তার পূর্বে যেকোন দিন অনলাইনে বা ফরম-১ এ সরাসরি মনোনয়ন দাখিল করবেন।

অনলাইনে মনোনয়নপত্র দাখিল: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের (৩) দফার (খ) উপদফার বিধান এবং নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর ৩ বিধির (২)(খ) ও (৩) উপবিধি অনুসারে অনলাইনের মাধ্যমে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে:

(ক) অনলাইনে মনোনয়নপত্র পূরণ ও দাখিল করার উদ্দেশ্যে পোর্টালে প্রবেশ করে তার জাতীয় পরিচয়পত্র নম্বর বা ভোটার নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি এবং নির্বাচনি এলাকার নম্বর ও নাম এন্ট্রি করে রেজিস্ট্রেশন করতে হবে; রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর ইউজার নেইম ও পাসওয়ার্ড পাওয়া যাবে;

(খ) জাতীয় পরিচয়পত্রের বায়োমেট্রিক ফিচারে সংরক্ষিত মুখাবয়ব তথ্যের সাথে প্রার্থী, প্রস্তুতকারী ও সমর্থনকারীর চেহারা শনাক্তকরণ (Facial Recognition) করতে হবে;

(গ) কোন প্রার্থী পোর্টালে প্রবেশ করিয়া পর্যায়ক্রমে মনোনয়ন, ব্যক্তিগত তথ্যাদি ও হলফনামা সংক্রান্ত তথ্যাদি এন্ট্রি করিবেন এবং অনুচ্ছেদ ১২ এর অধীন প্রয়োজনীয় কাগজপত্র (হলফনামা, আয়কর প্রদান সংক্রান্ত কাগজপত্র, প্রযোজ্য ক্ষেত্রে, নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক মনোনয়ন সংক্রান্ত প্রত্যয়নপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ) স্ক্যান করে Portable Document Format (পিডিএফ) আকারে সংযুক্ত করবেন;


তবে শর্ত থাকে যে, স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে, সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার এক শতাংশ ভোটারের সমর্থন সম্বলিত স্বাক্ষর যুক্ত তালিকা মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখের মধ্যে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার বা সহকারী রিটার্নিং অফিসারের নিকট সরাসরি দাখিল করতে হবে ;

(ঘ) প্রার্থী পোর্টালে রক্ষিত অনলাইনে পেমেন্ট মেথড ব্যবহার করে জামানত বাবদ নির্ধারিত অর্থ প্রদান করার পর মনোনয়নপত্রটি দাখিল করবেন;

(ঙ) রিটার্নিং অফিসার অনলাইনে প্রাপ্ত প্রত্যেকটি মনোনয়নপত্রে স্বয়ংক্রিয়ভাবে সৃজিত বা প্রদত্ত ক্রমিক নম্বর অনুসারে “ফরম-১” এর পঞ্চম খন্ড অনুযায়ী মনোনয়নপত্র বাছাইয়ের স্থান, তারিখ ও সময় নির্ধারণ করবেন এবং প্রাপ্তি স্বীকার রসিদ ও বাছাইয়ের নোটিশ অনলাইনে প্রার্থীকে প্রেরণ করবেন;

(চ) দফা (ঘ) এর অধীন মনোনয়নপত্র দাখিলের পর স্বয়ংক্রিয়ভাবে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে মনোনয়নপত্র দাখিলের প্রাপ্তি স্বীকার, মনোনয়নপত্র বাছাই এর স্থান ও তারিখ, মনোনয়নপত্র বাছাই এর সিদ্ধান্ত, প্রার্থীতা প্রত্যাহার এবং প্রতীক বরাদ্দসহ সংশ্লিষ্ট তথ্যাদি পর্যায়ক্রমে এসএমএস এর মাধ্যমে প্রেরণ করা হবে এবং উল্লিখিত তথ্যাদি পোর্টালেও প্রদর্শিত হবে।

উল্লেখ্য যে, ঝালকাঠি জেলার ০২ (দুই) টি সংসদীয় আসন ১২৫ ঝালকাঠি-১ ও ১২৬ ঝালকাঠি-২ এর সন্ধ্যা যোগ্য ব্যক্তিগণ উপরের নির্দেশনা অনুসরণ করে আগামী ৩০ নভেম্বর, ২০২৩ তারিখ বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে অথবা উক্ত দিনের পূর্ববর্তী যেকোন দিনে অনলাইনে মনোনয়নপত্র দাখিল করতে পারবেন।


ফারুক গুল নিসুম

জেলা প্রশাসক, ঝালকাঠি

ও

রিটার্নিং অফিসার


দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

ফোন: ০২৪৭৮৮৭৫৩০০

dcjhalokati@mopa.gov.bd

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, বরিশাল।
৩. উপ-মহা পুলিশ পরিদর্শক, বরিশাল রেঞ্জ, বরিশাল।
৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল অঞ্চল, বরিশাল।
৫. পুলিশ সুপার, ঝালকাঠি।
৬. জেলা নির্বাচন অফিসার, ঝালকাঠি।
৭. উপজেলা নির্বাহী অফিসার..... (সকল), ও সহকারী রিটার্নিং অফিসার, ঝালকাঠি। (তাদেরকে গণ-বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডসহ গুরুত্বপূর্ণ স্থানে টাঙ্গানোর অনুরোধসহ)।
৮. জেলা তথ্য অফিসার, ঝালকাঠি। (গণ-বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় বহুল প্রচারের অনুরোধসহ)।
৯. উপজেলা নির্বাচন অফিসার..... (সকল), ঝালকাঠি। (তাদেরকে গণ-বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডসহ গুরুত্বপূর্ণ স্থানে টাঙ্গানোর অনুরোধসহ)।
১০. অফিসার ইন-চার্জ.....(সকল), ঝালকাঠি।
১১. সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব/রিপোর্টার্স ইউনিট, ঝালকাঠি।
১২. অফিস কপি।


রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন